

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০৩.২০.৩২৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০

০২ নভেম্বর ২০২৩

বিষয়: সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে মৃত দেবশীষ চৌধুরী, খাদ্য পরিদর্শক (ভারপ্রাপ্ত কর্মকর্তা), লংগদু এলএসডি, রাজামাটির বৈধ উত্তরাধিকারী স্ত্রী মিনাক্ষী ধরের বিরুদ্ধে সিভিল আপীল (মানি আপীল) মামলা নং-৬/২০২৩ বিচারাধীন থাকায় জিপিএফ হিসাব নং-III/খাদ্য/বাঘাই/১০৯ তে জমাকৃত সমুদয় অর্থ তার স্ত্রীর অনুকূলে মঞ্জুরির নির্দেশনা প্রদান সংক্রান্ত

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজামাটি, পার্বত্য জেলা এর ২৫.০৯.২০২৩ খ্রি. তারিখের ২৯৮২ নং স্মারক উপযুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব দেবশীষ চৌধুরী, খাদ্য পরিদর্শক (ভারপ্রাপ্ত কর্মকর্তা), লংগদু এলএসডি, রাজামাটি চাকরির অবস্থায় গত ১২.১০.২০২১ খ্রি. তারিখে মৃতুবরণ করেন। সংশ্লিষ্ট কর্মকর্তার মৃতুতে তার স্ত্রী মিনাক্ষী ধর তার মৃত স্বামীর জিপিএফ এর টাকা উত্তোলনের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর আবেদন দাখিল করেছেন। সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট সরকারি পাওনা থাকায় এবং উক্ত সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে তার স্ত্রীর নামে বিজ্ঞ জেলা ও দায়রা জজ, রাজামাটি মহোদয়ের আদালতে সিভিল আপীল (মানি আপীল) মামলা নং-৬/২০২৩ তারিখ ২৬.০৩.২০২৩ খ্রি. মামলাটি বিচারাধীন আছে। গণ কর্মচারী অবসর আইন-১৯৭৪ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী- “অবসরগ্রহণ বা চাকরি অবসানের সময় কোন গণকর্মচারীর বিরুদ্ধে, প্রযোজ্য ক্ষেত্রে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত কোন বিচারিক কার্যক্রম অথবা কোন বিভাগীয় কার্যক্রম নিষ্পত্তির অপেক্ষায় থাকিলে উক্ত কার্যক্রমের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ভবিষ্য তহবিলে তাঁহার প্রদত্ত চাঁদা এবং উক্ত চাঁদার সুদ ব্যতীত পেনশন বা অন্যান্য অবসর সুবিধাদি পাইবেন না। উক্ত কার্যক্রমের সিদ্ধান্ত সাপেক্ষে পেনশনও অন্যান্য অবসর সুবিধাদি প্রদেয় হইবে” মর্মে উল্লেখ আছে।

এমতাবস্থায়, মৃত দেবশীষ চৌধুরী, খাদ্য পরিদর্শক (ভারপ্রাপ্ত কর্মকর্তা), লংগদু এলএসডি, রাজামাটির জিপিএফ এ জমাকৃত সমুদয় অর্থ বৈধ উত্তরাধিকারী হিসেবে তার স্ত্রী মিনাক্ষী ধরের অনুকূলে মঞ্জুরির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-১১-২০২৩

মোঃ মনিরুল ইসলাম

উপপরিচালক (বিকল্প কর্মকর্তা)

জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের  
কার্যালয়, রাজামাটি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০৩.২০.৩২৭/১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০  
০২ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) জনাব মিনাফী ধর স্বামী : মৃত দেবশীষ চৌধুরী, , খাদ্য পরিদর্শক (ভারপ্রাপ্ত কর্মকর্তা), লংগদু এলএসডি,  
রাঙ্গামাটি বর্তমান ঠিকানা : , উত্তর কালিন্দিপূর ডাকঘর : রাঙ্গামাটি উপজেলা : রাঙ্গামাটি সদর
- ৩) অফিস/মাস্টার কপি



২-১১-২০২৩

মোঃ মনিরুল ইসলাম  
উপপরিচালক (বিকল্প কর্মকর্তা)